# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 26 June, 2025

৪৩ দিন পর ঢাকার দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) প্রধান কার্যালয় নগর ভবনে ফিরলেন সংস্থাটির প্রশাসক মো. শাহজাহান মিয়া।বৃহস্পতিবার (২৬ জুন) দুপুর দেড়টার দিকে তিনি নগর ভবনে এসে জানান, আজ থেকেই সব বিভাগের কার্যক্রম শুরু হবে।

সাংবাদিকদের সঙ্গে আলাপকালে শাহজাহান মিয়া বলেন, "আমরা আর পেছনে ফিরে তাকাতে চাই না, সামনে এগিয়ে যেতে চাই।অগ্রাধিকার ভিত্তিতে বেশ কিছু কাজ দ্রুত শেষ করব, যার মধ্যে বাজেট প্রণয়ন অন্যতম।"

উল্লেখ্য, বিএনপি নেতা ইশরাক হোসেনকে মেয়রের দায়িত্ব হস্তান্তরের দাবিতে 'ঢাকাবাসী' ব্যানারে গত ১৪ মে থেকে নগর ভবনে অবস্থান কর্মসূচি চলছিল।ফলে প্রশাসক এতদিন অফিসে ঢুকতে পারেননি।

তবে গত রোববার আন্দোলনকারীরা দৈনন্দিন সেবা কার্যক্রম সীমিত আকারে চালুর ঘোষণা দেন।সেই ধারাবাহিকতায় বৃহস্পতিবার প্রশাসক নগর ভবনে প্রবেশ করলে আন্দোলনকারী কর্মচারীরা তাকে স্বাগত জানান।

বিএনপিপন্থী সিটি করপোরেশন শ্রমিক ইউনিয়নের নেতা আরিফ চৌধুরী জানান, উচ্চপর্যায়ের নির্দেশে এখন থেকে প্রশাসককে সহযোগিতা করা হবে।

ঢাকার দক্ষিণ সিটি করপোরেশন প্রশাসক মো. শাহজাহান মিয়া বিএনপি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 03:29

URL: https://www.timestodaybd.com/public/national/3753722032